

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সরেজমিন উইং

খামারবাড়ী, ঢাকা-১২১৫

www.dae.gov.bd

উপ-পরিচালক	
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী	
তারিখ:	১১/৭/২০২০
পত্র নং:	
খসড়া নং:	
ডি.টি.ও./এ.ডি.ও./স.স./এ.ডি.ও. (পরিচালক)	
এ.ডি.ও./এ.ই.স.এস./এ.স.স./সি.এস./উন্নয়ন/ই.স.স.	

স্মারক নং-১২.০১.০০০০.০০০.৯৯.০০৪.১৯/১১৭৪ (৬১)

তারিখ: ১৫/০৭/২০২০ খ্রিঃ।

বরাবর

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল (সকল)।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা (সকল)।

বিষয় : বন্যা পরবর্তী কৃষক ভাইদের করণীয় বিষয়ে পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অতি বৃষ্টি জনিত কারণে বন্যা, উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢল ও নদ নদী পানি বৃদ্ধির কারণে দেশের ১৪ টি জেলায় আউশ, আমন বীজতলা, সবজিসহ বিভিন্ন ফসল জলমগ্ন হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং সামনের দিনগুলোতে ক্ষতির পরিমাণ আরো বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এই ক্ষতি পূরণে নেয়ার জন্য কৃষকদের নিম্নবর্ণিত ভাবে তাৎক্ষণিক পরামর্শ প্রদানের জন্য মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের নির্দেশনা দেয়া হলো :

১. উঁচু স্থানে বেশী করে আমন ধানের চারা উৎপাদনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২. কৃষকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে প্রতি উপজেলায় কমপক্ষে ১০০টি রোপা আমন এর ভাসমান বীজতলা তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। আমন চারা উৎপাদনের পর ভাসমান বেড সমূহে শাকসবজি উৎপাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. পরবর্তি বর্ষা ও বন্যার সম্ভাবনার আশংকায় প্রস্তুতি মূলক ব্যবস্থা হিসাবে নাবি জাতের ধানের (বিআর ২২, ২৩, ব্রিধান ৪৬ ইত্যাদি) পর্যাপ্ত পরিমাণে আপদকালীন চারা উৎপাদন ও বিতরণের ব্যবস্থা নিতে হবে।
৪. রোপা আমনের চাষাবাদের ক্ষেত্রে উন্নত প্রযুক্তি যথা নন-ইউরিয়া সারের প্রয়োগসহ সুষম সার ব্যবহার করে সারিতে (লোগো পদ্ধতিতে) রোপন ও পাচিং প্রদান নিশ্চিত করতে হবে।
৫. দেবীতে আমনের চারা রোপনের ক্ষেত্রে গোছাতে কমপক্ষে ৪-৫টি চারা রোপন করতে হবে।
৬. এলাকায় দ্রুত শাকসবজি চাষের জন্য চাষীদের উদ্বুদ্ধ করতে হবে। এ ক্ষেত্রে ভাসমান বেডে সবজি চাষ, স্যাক (বস্তা) পদ্ধতিতে সবজি চাষ সহ উঁচুস্থানে সবজি ও মসলা চাষে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

১৪.০৭.২০২০
(ড. আলহাজ্জ উদ্দিন আহম্মেদ)

পরিচালক

সরেজমিন উইং

ফোনঃ ৯১৩৪৫৮৭

১১/৭/২০২০

অনুলিপি :

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষিমন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষিমন্ত্রণালয়, বাংলাদেশসচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ পরিচালক এর কার্যালয়

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ী, রেলগেট, রাজশাহী।



স্মারক নং : ১২.১৭.৮১০০.০২৩.০১.০৫০.১৪. ১১৮৯ (১১)

তারিখ : ১৬/৭/২০২০খ্রিঃ

অনুলিপি অবগতি কার্যার্থে :

১. উপজেলা কৃষি অফিসার, পবা/ তানোর/ মোহনপুর/ বাগমারা/ দুর্গাপুর/ পুঠিয়া/ গোদাগাড়ী/ চারঘাট/ বাঘা, রাজশাহী।
 ২. মেট্রোপলিটন কৃষি অফিসার, মতিহার/ বোয়ালিয়া, রাজশাহী।
- পত্রের নির্দেশমানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১/৭/২০
উপ পরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী।